

রামকৃষ্ণে জয়তি

এলাহাবাদ

৩০শে ডিসেম্বর, ১৮৮৯

শ্রীচরণেষু,

গুপ্ত<sup>১</sup> আসিবার সময় একটা শ্লিপ ফেলিয়া আসিয়াছিল এবং পরদিবসে একখানি যোগেনের পত্র পাইয়া সমস্ত অবগত হইয়া তৎক্ষণাৎ এলাহাবাদে যাত্রা করি। পরদিবস পৌঁছিয়া দেখিলাম, যোগেন<sup>২</sup> সম্পূর্ণ আরোগ্য হইয়াছে। পানিবসন্ত (দুই-একটা 'ইচ্ছা'ও ছিল) হইয়াছিল। ডাক্তারবাবু অতি সাধু ব্যক্তি এবং তাঁহাদের একটি সম্প্রদায় আছে। ইঁহারা অতি ভক্ত ও সাধুসেবাপরায়ণ। ইঁহাদের বড় জিদ -- আমি এ স্থানে মাঘ মাস থাকি, আমি কিন্তু কাশী চলিলাম। গোলাপ-মা, যোগী-মা এখানে কল্পবাস করিবেন, নিরঞ্জনও<sup>৩</sup> বোধ হয় থাকিবে, যোগেন কি করিবে জানি না। আপনি কেমন আছেন?

ঈশ্বরের নিকট সপরিবার আপনার মঙ্গল প্রার্থনা করি। তুলসীরাম, চুনীবাবু প্রভৃতিকে আমার নমস্কারাদি দিবেন। কিমধিকমিতি--

দাস

নরেন্দ্রনাথ

---

<sup>১</sup> স্বামী সদানন্দ

<sup>২</sup> স্বামী যোগানন্দ

<sup>৩</sup> স্বামী নিরঞ্জনানন্দ